অন্যান্য বছরের ন্যায় ২০১৭-২০১৮ হিসাববর্ষের কোম্পানীর বাগান সমূহের ২৩৮টি কাঁচা বাসস্থানকে পাকা বাসস্থানে রূপান্তর করা হয়েছে। এ প্রকল্প সম্পূর্ণরূপে বাস্তবায়িত হ'লে বাসস্থান মেরামত খাতে ব্যয় সাশ্রয়সহ শ্রমিক বাসস্থানের সুব্যবস্থাও নিশ্চিত করা সম্ভব হবে। বাগানের শ্রমিক ও কর্মচারীদের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে আলোচ্য বছরে বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ, প্রয়োজনীয় সংখ্যক গভীর ও হস্তচালিত নলকূপ স্থাপন এবং পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নতি সহ বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। **'কর্মদক্ষতা সুস্বাস্থ্যের উপরই বহুলাংশে নির্ভরশীল'** বিধায় শ্রমিক-কর্মচারীদের স্বাস্থ্য ও কল্যাণমূলক কার্যাদির উপর কোম্পানী সর্বদা গুরুত্ব দিয়ে আসছে। সংশ্লিষ্ট বছরে কোম্পানীর চা বাগান সমূহে ব্যবস্থাপনা-শ্রমিক সম্পর্ক অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ও আন্তরিক ছিল। ভবিষ্যতেও তা' অব্যাহত থাকবে বলে আশা করা হচ্ছে।

অন্যান্য উন্নয়ন কার্যক্রম

সংশ্লিষ্ট বছরে বাগানের চা চাষাবাদ এলাকায় নিবিড় তদারকী ব্যবস্থা অধিক জোরদারপূর্বক সবুজ পাতা ও অন্যান্য দ্রব্যাদি দ্রুত গন্তব্যস্থলে পৌঁছানোসহ বাগানের অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা আরো উন্নয়নের লক্ষ্যে রাস্তা-ঘাট সমূহ মেরামত করা হয়। অদূর ভবিষ্যতে কোম্পানীর বাগান সমূহের উপযুক্ত স্থানগুলোতে সৌর বিদ্যুতের ব্যবহার নিশ্চিতপূর্বক পরিবেশের ভারসাম্য রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

সার্বিক ব্যবস্থাপনা

কোম্পানীর অলাভজনক বাগানগুলোকে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে বিভিন্ন ধরণের কর্মসূচী ও পরিকল্পনা গ্রহণ করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তা'ছাড়া কোম্পানীর বাগান সমূহের উৎপাদনশীলতা বৃদ্ধিপূর্বক অব্যাহতভাবে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলশ্রুতিতে ভবিষ্যতে বাগানগুলোর মুনাফা অর্জনের সক্ষমতা অধিক হারে বৃদ্ধি পাবে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

আলোচ্য হিসাববর্ষে কোম্পানীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অধিক সুসংহত করাসহ বিভিন্ন প্রকার ব্যয় কঠোরভাবে নিয়ন্ত্রণের জন্য বোর্ড কর্তৃক নিরীক্ষা কমিটির উপর দায়িত্ব অর্পণ করা হয়। নিরীক্ষা কমিটি তাদের অনুষ্ঠিত সভা সমূহে ব্যয় নিয়ন্ত্রণের ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃক গঠিত **Cost Control & Cost Reduction Committee** এর সকল বিষয়াদির উপর গৃহীত কর্মপন্থা পর্যালোচনাপূর্বক তা' বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় মতামত/সুপারিশমালা বোর্ড সভায় উপস্থাপন করে। উক্ত মতামত/সুপারিশ সমূহ বাস্তবায়ন করার ফলে ব্যয় নিয়ন্ত্রণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। এতদ্ব্যতীত কোম্পানীর সকল ক্রয় প্রক্রিয়া আধুনিকায়ন করার ফলে পদ্ধতিগত উন্নয়ন ও গুণগতমান নিশ্চিত এবং ক্রমান্বয়ে ব্যয় হ্রাস করা সম্ভব হচ্ছে।

SMART Project

সংশ্লিষ্ট বছরে কোম্পানীর SMART Project এর আওতায় উৎপাদন আরও বৃদ্ধি ও চায়ের গুণগত মান আরও উন্নয়নপূর্বক মুনাফা বৃদ্ধির লক্ষ্যে চা সেকশনগুলোতে যথাযথভাবে পানি নিষ্কাশন ব্যবস্থা ও প্রয়োজনীয় সংখ্যক ছায়াবৃক্ষ রোপণ নিশ্চিত করা হচ্ছে। চা ও বনায়ন সম্প্রসারণসহ সকল ধরণের রোপণ কার্যাদি যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন প্রকার নার্সারী প্রস্তুত করা হচ্ছে। কোম্পানীর পর্ষদ কর্তৃক উক্ত প্রকল্পের অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা ও বাগান ব্যবস্থাপকদের সাথে বৈঠক অনুষ্ঠানের ফলে বাগানের সার্বিক কার্যক্রম আরও উন্নত ও ত্বরান্বিত করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন করার ফলে কোম্পানীর চা উৎপাদন অধিক পরিমাণে বৃদ্ধি পেয়েছে। এ প্রকল্প ধারাবাহিকভাবে বাস্তবায়িত হলে ভবিষ্যতে উৎপাদন অধিক হারে বৃদ্ধি পাবে এবং চায়ের গুণগত মান আরও উন্নত হওয়াসহ কোম্পানীর মুনাফা অর্জনের ক্ষমতা আরও বৃদ্ধি পাবে।

মানব সম্পদ উন্নয়ন

সংশ্লিষ্ট হিসাববর্ষে ন্যাশনাল টি কোম্পানী লিমিটেডের বাগান সমূহের সার্বিক ব্যবস্থা অধিক উন্নত, গতিশীল এবং উৎপাদন বান্ধব করার লক্ষ্যে বিভিন্ন প্রকার কর্মশালা ও উন্নয়নমূলক শিক্ষা-সূচীর আওতায় বেশ কিছু শ্রমিক-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া শ্রমিক-কর্মচারীদের দক্ষতা, কর্ম ক্ষমতা ও উৎপাদনশীলতা আরও বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উল্লেখ করা যেতে পারে যে, বাগান ব্যবস্থাপনা আরও দক্ষ ও গতিশীল করার জন্য বিটিআরআই এবং টি ব্রোকারদের উদ্যোগে আয়োজিত বিভিন্ন কর্মশালার মাধ্যমে বাগান কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এখানে আরও উল্লেখ্য যে, কোম্পানীর কর্মকর্তা ও কর্মচারীদের কর্মদক্ষতা আরও বৃদ্ধির লক্ষ্যে পরিচালনা পর্ষদ ইতোমধ্যে কোম্পানীর নিজস্ব গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে।

অর্থ ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণ

আলোচ্য হিসাববর্ষে কোম্পানীর অর্থ ও হিসাব ব্যবস্থাপনা অধিকতর স্বচ্ছ, কার্যকর এবং তথ্যবহুল করার লক্ষ্যে সকল প্রকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। বাংলাদেশে অনুসৃত International Financial Reporting Standards (IFRS), কোম্পানী আইন ১৯৯৪, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ রুল ১৯৮৭, আর্থিক প্রতিবেদন আইন-২০১৫ সহ অন্যান্য প্রযোজ্য বিধান অনুযায়ী কোম্পানীর আর্থিক বিবরণী প্রণয়ন ও হিসাবভুক্ত করা হয়েছে। কোম্পানীর বাজেট পর্যালোচনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া ও রক্ষণাবেক্ষণসহ হিসাবের সঠিক নীতিমালা অনুসরণপূর্বক আর্থিক বিবরণীগুলো প্রস্তুত করা হয়ে থাকে। এছাড়া, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন এর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বিভিন্ন প্রকার তথ্যাবলী বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। বাগানের হিসেব-নিকেশ অধিকতর স্বচ্ছ ও তথ্য সমৃদ্ধ করার লক্ষ্যে কোম্পানীর প্রত্যেকটি বাগানেই কম্পিউটার সরবরাহ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে কোম্পানীর সদর দপ্তর ও বাগানগুলোতে অত্যাধুনিক Software সংযোজন করার প্রক্রিয়া চলমান রয়েছে যার কারণে হিসাব ব্যবস্থাপনা ও তথ্য আদান-প্রদানে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে।

সরকার কর্তৃক বিভিন্ন সময়ে ভূমি অধিগ্রহণ

কোম্পানীর চাম্পারায় চা বাগানের ১.০০ একর ভূমি সরকার কর্তৃক অধিগ্রহণপূর্বক উক্ত ভূমিতে বিজিবি ক্যাম্প স্থাপন করা হয়েছে।

প্রতিষ্ঠান পরিচালনা

কোম্পানীর পরিচালনা পর্ষদ অভিমত ব্যক্ত করে যে, ভবিষ্যৎ দায়-দেনা মিটিয়ে টিকে থাকার লক্ষ্যে কোম্পানীর পর্যাপ্ত স্থায়ী ও তরল সম্পদ রয়েছে। তদনুসারে কোম্পানীর বাৎসরিক হিসাব প্রস্তুতকালে চলমান প্রতিষ্ঠানের নীতি অনুসরণ করা হয়েছে।

কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন-এর পরিপালন

- ২০১৭ সালের জুলাই থেকে ২০১৮ সালের জুন পর্যন্ত কোম্পানীর মোট উৎপাদিত চায়ের পরিমাণ ৫.১৮ মিলিয়ন কেজি যা' বিগত বছরের তুলনায় ১০.১৯ শতাংশ কম। চা'য়ের উৎপাদন মূলত প্রকৃতি নির্ভর। যথাযথ পরিচর্যা থাকা সত্ত্বেও বিরূপ আবহাওয়া ও অতিরিক্ত পোকা-মাকড়ের আক্রমণের ফলে চলতি বছরে উৎপাদন ব্যাহত হয়েছে। চা বাগান বিস্তৃত এলাকা জুড়ে হওয়ায় এক জায়গা থেকে নিরবচ্ছিন্ন তদারকি করা কিছুটা কঠিন কাজ যার ফলে অনেক সময় সঠিক সময়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা যায় না। আগামী বছরগুলোতে বাড়তি সতর্কতাসহ আধুনিক সেচযন্ত্র ও বালাই দমন ব্যবস্থা গ্রহণ করে উৎপাদন কাঙ্খিত পর্যায়ে উন্নত করা হবে বলে পর্ষদ আশা করছে। উল্লেখ্য, চলতি হিসাববর্ষে জাতীয় পর্যায়ে উৎপাদন হয়েছে ৭৮.১৩ মিলিয়ন কেজি যা' বিগত হিসাববর্ষের তুলনায় ২.২০ শতাংশ কম।

- ২০১৭ সালের জুলাই থেকে ২০১৮ সালের জুন পর্যন্ত নিলাম বাজার হতে কোম্পানী প্রতি কেজি চায়ের গড় মূল্য পেয়েছে ২০৫.৯৭ টাকা যা' বিগত বছরের চেয়ে কেজি প্রতি ৩৯.৮২ টাকা বেশি। চলতি হিসাববর্ষে দেশব্যাপী কম উৎপাদন, অভ্যন্তরীণ ভোগের পরিমাণ বৃদ্ধি এবং কোম্পানীর চায়ের গুণগত মানের উন্নতি হওয়ায় উক্ত বর্ধিত মূল্য পাওয়া সম্ভব হয়েছে। ইতিমধ্যে কোম্পানীর তিনটি বাগানের আধুনিকায়নের কাজ শেষ হয়েছে এবং আগামীতে আরও কিছু বাগানের আধুনিকায়নের কাজ গ্রহণ করা হয়েছে যার ফলে কোম্পানী উৎপাদিত চায়ের গুণগত মান আরও বৃদ্ধি পাবে এবং অধিক মূল্য প্রাপ্তি অব্যাহত থাকবে বলে পর্ষদ আশা করছে। উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ হিসাববর্ষে নিলাম বাজারে জাতীয় গড় বিক্রয় মূল্য ছিল ২১১.৩৬ টাকা যা' ২০১৬-২০১৭ হিসাববর্ষে ছিল ২০৬.৪২ টাকা।

- ২০১৭-২০১৮ হিসাববর্ষে কোম্পানীর Cost of Goods Sold ৭৯৫,৩৯৮,৭৭০ টাকা যা' ২০১৬-২০১৭ হিসাববর্ষে ছিল ৬৮৮,৬৬১,১০৬ টাকা অর্থাৎ চলতি হিসাববর্ষে বিক্রয়কৃত পণ্যের ব্যয় ১৫.৫০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। অন্যান্য স্বাভাবিক ব্যয় বৃদ্ধির পাশাপাশি চলতি হিসাববর্ষে বাগান পর্যায়ে শ্রমিকদের মজুরী ২০ শতাংশ এবং কর্মচারীদের বেতন ১২.৫০ শতাংশ বৃদ্ধি পাওয়ায় এ খাতে প্রায় ৭০.৬৩ মিলিয়ন টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে। এছাড়া বাগানের শ্রমিকদেরকে ভর্তুকি মূল্যে খাদ্য সরবরাহ করতে হয় যার ব্যয় বৃদ্ধি পেয়েছে প্রায় ৭.৩০ মিলিয়ন টাকা। নিয়ন্ত্রণযোগ্য ব্যয় যাতে সর্বনিম্ন পর্যায়ে রাখা যায় সে লক্ষ্যে কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃক গঠিত "ব্যয় নিয়ন্ত্রণ ও নিরসন" কমিটি সর্বদা সচেষ্ট রয়েছে।

- কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি বৃদ্ধি এবং বোনাস খাতে ব্যয় বৃদ্ধির ফলে চলতি বছর প্রশাসনিক খাতে ব্যয় ১৮.৯৩ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে। চায়ের বিক্রয় মূল্য বৃদ্ধির ফলে বাংলাদেশ চা বোর্ডের "চা উপকর" বাবদ ও ব্রোকারদের কমিশন বাবদ ব্যয় বৃদ্ধির ফলে চলতি বছর বিক্রয় ব্যয় ২.৩১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে। চলতি বছর উন্নয়ন কাজের জন্য ব্যাংক হতে অধিক ঋণ গ্রহণ করা হয় যার ফলে আর্থিক ব্যয় ২.৩১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে।

- ২০১৭-১৮ হিসাববর্ষে বিক্রয় লব্ধ অর্থের উপর কোম্পানীর মোট মুনাফা ৩০.৪৫ শতাংশ। পক্ষান্তরে ২০১৬-১৭ হিসাববর্ষে ছিল ৩০.১৩ শতাংশ । ২০১৭-১৮ হিসাববর্ষে কর পরবর্তী নীট মুনাফা বিক্রয় লব্ধ অর্থের ৯.২৮ শতাংশ যা' বিগত হিসাববর্ষে ছিল ৮.০৬ শতাংশ। মূলত নিলাম বাজারে চা'য়ের মূল্য বেশি থাকায় চলতি বছর বিক্রয় ১৫৭.৯৭ মিলিয়ন টাকা বা ১৬.০৩ শাতাংশ বৃদ্ধি পাওয়ার ফলে এ প্রবৃদ্ধি সম্ভব হয়েছে।

- ২০১৭-১৮ সমাপ্ত হিসাববর্ষে কোম্পানীর শেয়ার প্রতি আয় (EPS) ১৬.০৮ টাকা যা' বিগত বছরের ১২.০৩ টাকার তুলনায় ৪.০৫ টাকা বা ৩৩.৬২ শতাংশ বেশি। বিগত বছরের তুলনায় চলতি বছর বিক্রয় ১৫৭.৯৭ মিলিয়ন টাকা বা ১৬.০৩ শতাংশ বৃদ্ধি পেলেও নিয়ন্ত্রণ বহির্ভূত ব্যয় বৃদ্ধির ফলে কোম্পানীর আয় বিক্রয় বৃদ্ধির সাথে সংগতি রেখে বৃদ্ধি করা সম্ভব হয়নি। কোম্পানীর শেয়ার প্রতি আয় ২০১৭-১৮ হিসাববর্ষে তৃতীয় প্রান্তিক পর্যন্ত ছিল ৯.১৪ টাকা অর্থাৎ চলতি হিসাববর্ষের চতুর্থ প্রান্তিকে (এপ্রিল-জুন, ২০১৮) শেয়ার প্রতি আয় হয়েছে ৬.৯৪ টাকা যা' বিগত বছরের একই সময়ের ৭.৬১ টাকার তুলনায় ০.৬৭ টাকা বা ৮.৮৩ শতাংশ কম। সার্বিকভাবে বিক্রয় বৃদ্ধি পাওয়ার ফলে তৃতীয় প্রান্তিকের তুলনায় চলতি প্রান্তিকে উক্ত প্রবৃদ্ধি হয়েছে যা' ভবিষ্যতে অব্যাহত থাকবে বলে পর্ষদ আশা করে।

- ২০১৭-১৮ হিসাববর্ষের জুন ৩০, ২০১৮ তারিখে কোম্পানীর শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAVPS) ১৫৩.২৭ টাকা যা' বিগত জুন ৩০, ২০১৭ তারিখের ১৪২.৯৯ টাকার তুলনায় ১০.২৮ টাকা বা ৭.১৯ শতাংশ বেশি। চলতি বছর নীট আয় বৃদ্ধি এবং স্থায়ী সম্পদে বিনিয়োগ বৃদ্ধির ফলে উক্ত প্রবৃদ্ধি হয়েছে যা' ভবিষ্যতে অব্যাহত থাকবে বলে পর্ষদ আশা করে।

- ২০১৭-১৮ হিসাববর্ষে কোম্পানীর শেয়ার প্রতি নীট পরিচালনা নগদ প্রবাহ (NOCFPS) হয়েছে ৩৩.০০ টাকা যা' বিগত বছরের ৪.৭৯ টাকার তুলনায় ২৮.২১ টাকা বা ৫৮৮.৬৯ শতাংশ বেশি। টাকার অংকে উক্ত বৃদ্ধি ১৮৬.১৮ মিলিয়ন টাকা, মূলতঃ নিলাম বাজারে ১৬৫.৪০ মিলিয়ন টাকা বিক্রয় বৃদ্ধি (যার মধ্যে ১৫৩.৯৮ মিলিয়ন টাকা নগদ) এবং নগদ ব্যয় বিগত বছরের তুলনায় ৩২.২০ মিলিয়ন টাকা কম হওয়ার ফলে উক্ত নগদ প্রবাহ বৃদ্ধি পায়।

- কোম্পানীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে বোর্ড সদস্যদের সমন্বয়ে গঠিত নিরীক্ষা কমিটিসহ বোর্ড কর্তৃক গঠিত অন্যান্য কমিটির নিরলস ও সার্বিক প্রচেষ্টা অব্যাহত আছে।

- কোম্পানীর বর্তমান প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানী সচিব, অর্থ ও হিসাব বিভাগের প্রধান কর্মকর্তা এবং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের প্রধান কর্মকর্তা সংক্রান্ত তথ্য নীচে দেয়া হলোঃ

ক্রমিক নং	নাম	পদবী
০১.	জনাব মোঃ আব্দুল আউয়াল	ব্যবস্থাপনা পরিচালক
০২.	জনাব মোঃ লোকমান হোসেন	কোম্পানী সচিব
০৩.	জনাব মোঃ কেরামত আলী, এসিএমএ	উপমহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
০৪.	জনাব মোল্লা গোলাম মোহাম্মদ	ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)

হিসাব বিবরণী সম্পর্কে পরিচালকগণের ঘোষণা

ক) কোম্পানীর আর্থিক বিবরণী প্রণয়নে International Accounting Standards (IAS) এবং Interantional Financial Reporting Standards (IFRS), Companies Act 1994, Securities & Exchange Rules 1987 and Financial Reporting Act 2015 এর নীতি অনুসরণ করা হয়েছে ;

খ) কোম্পানীর Chief Executive Officer এবং Chief Financial Officer এ মর্মে বোর্ডকে নিশ্চিত করেছে যে, তারা কোম্পানীর আর্থিক বিবরণীসমূহ যথাযথভাবে পর্যালোচনা করেছে এবং বিবরণীতে কোন অসত্য তথ্য প্রদান করা হয়নি কিংবা কোন সত্য গোপন করা হয়নি;

গ) কোম্পানীর Chief Executive Officer এবং Chief Financial Officer এ মর্মে বোর্ডকে আরও নিশ্চিত করেছে যে, কোম্পানীর Codes of Conduct এর পরিপন্থি, মিথ্যা বা অবৈধ কোন লেন-দেন আলোচ্য বছরে হিসাবভুক্ত করা হয়নি ;

ঘ) আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও প্রণয়ন সংক্রান্ত BSEC কর্তৃক প্রদত্ত নির্দেশনার বাস্তবায়নের বিবরণ নিম্নে প্রদান করা হলোঃ

- কোম্পানী বার্ষিক হিসাব এর নিরীক্ষা কার্যক্রম BSEC নির্ধারিত প্যানেল নিরীক্ষা ফার্ম এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
- যথাসময়ে যথাযথ তথ্য সন্নিবেশ করে ১ম, ২য় ও ৩য় প্রান্তিকের হিসাব বিবরণী পরিচালনা পর্ষদের অনুমোদন ও স্বাক্ষরসহ নিয়ন্ত্রণকারী সংস্থার নিকট দাখিল করা হয়েছে।
- বার্ষিক হিসাব বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা কাজ সম্পন্ন করে পরিচালনা পর্ষদের অনুমোদন ও স্বাক্ষরসহ প্রয়োজনীয় প্রতিবেদন সংযোজন করে নিয়ন্ত্রণকারী সংস্থার নিকট দাখিল করা হয়েছে।
- নির্দেশনা অনুযায়ী কোম্পানীর ২০১৭-১৮ হিসাববর্ষের আর্থিক ফলাফল তথা শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAVPS)-(নোট নং-৩০), শেয়ার প্রতি আয় (EPS)-(নোট নং-৪২), শেয়ার প্রতি নীট পরিচালনা নগদ প্রবাহ (NOCFPS)-(নোট নং-৪৩) এবং পরিচালন নগদ প্রবাহের পরোক্ষ পদ্ধতিতে নীট আয়ের সাথে সমন্বয় বিবরণী (Reconciliation of Net Operating Cashflow with Net Income)-(নোট নং-৪৪) ইত্যাদির বিস্তারিত তথ্য প্রদান করা হয়েছে।
- কোম্পানীর ২০১৭-১৮ হিসাববর্ষের নিরীক্ষিত হিসাব বিবরণী ও বার্ষিক প্রতিবেদন কোম্পানীর ওয়েবসাইট www.natcobd.com এ সংযোজন করা হয়েছে এবং নির্ধারিত সময়ে নিয়ন্ত্রক সংস্থা ও সম্মানিত শেয়ারহোল্ডারদের নিকট প্রেরণ করা হয়েছে।

অন্যান্য বিধিগত তথ্য (Other Regulatory Disclosure)

- কোম্পানী তার ব্যবসায়িক অন্যান্য ঝুঁকি সম্পর্কে সম্যক অবগত আছে এবং ঐ সকল ঝুঁকি মোকাবিলায় যথাযথ ব্যবস্থা নেয়া হয় যা' এ সম্পর্কিত তথ্য নোট নং ৪০.০১, ৪০.০২ & ৪০.০৩ -এ প্রকাশ করা হয়েছে।
- ২০১৭-২০১৮ হিসাববর্ষে কোম্পানী Related পার্টি সংশ্লিষ্ট কোন পক্ষের সাথে বাণিজ্যিক ভিত্তিতে এমন কোন লেন-দেন করেনি যা' Related Party Disclosure - এ প্রকাশ করতে হবে।
- প্রাথমিক অবস্থায় IPO ও পরবর্তীতে বোনাস শেয়ার ইস্যু ব্যতীত অন্য কোন ইনষ্ট্রুমেন্ট কোম্পানী অদ্যাবধি ইস্যু করেনি।
- প্রথম থেকেই কোম্পানী একই গতিতে ব্যবসা করে আসছে যা' স্বচ্ছতার সাথে প্রকাশ করা হয়।
- কোম্পানীর আর্থিক প্রতিবেদন IFRS-1 অনুযায়ী উপস্থাপন করা হয়েছে, তাই এতে Extra Ordinary Gain/(Loss) অন্তর্ভুক্ত করা হয়নি।
- অন্যান্য বছরের ন্যায় ২০১৭-১৮ হিসাববর্ষে প্রথম, দ্বিতীয় ও শেষ প্রান্তিকে কোম্পানী লাভ করেছে এবং তৃতীয় প্রান্তিকে লোকসান দিয়েছে। কারণ চা কৃষি নির্ভরশীল পণ্য হওয়ায় কোম্পানীর আয় উৎপাদনের সাথে জড়িত। প্রথম ও দ্বিতীয় প্রান্তিকে উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ বেশি থাকে, কিন্তু তৃতীয় ও শেষ প্রান্তিকে উৎপাদন কম ও সংশ্লিষ্ট ব্যয় বেশি থাকে। এ কারণে তৃতীয় প্রান্তিকে কোম্পানীর নিয়মিত লোকসান হয়ে আসছে। চা উৎপাদনের ব্যবসা মূলতঃ মৌসুমী ব্যবসা।
- আর্থিক প্রতিবেদন সম্পর্কিত বিগত পাঁচ বছরের তথ্য প্রকাশ করা হয়েছে।
- কোম্পানী নিয়মিত লভ্যাংশ প্রদান করে আসছে।
- আলোচ্য সময়ে ১১টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।
- শেয়ারহোল্ডিং সম্পর্কিত তথ্য সংযোজনী-১-এ সন্নিবেশ করা হয়েছে।
- বিএসইসি এর গাইডলাইন অনুযায়ী পরিচালকদের প্রোফাইল বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশ করা হয়েছে।
- ২০১৭-১৮ হিসাববর্ষে স্বতন্ত্র পরিচালকসহ কোম্পানীর পরিচালকগণকে ফি ও পারিতোষিক বাবদ ১০,৬৫,২০০ টাকা প্রদান করা হয়েছে।
- ক্ষুদ্র বিনিয়োগকারী শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণে পরিচালনা পর্ষদ যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে এবং আলোচ্য হিসাববর্ষে তাঁদের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপ সংঘটিত হয়নি।
- সংশ্লিষ্ট হিসাববর্ষে এমন কোন বস্তুগত অনিশ্চয়তা, ঘটনা বা সম্ভাবনার সৃষ্টি হয়নি যা ভবিষ্যতে কোম্পানীর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে চলমান ব্যবসায় ধারণার বিষয়ে সন্দেহ তৈরী হতে পারে।

পরিচালকমণ্ডলীর অবসর গ্রহণ

কোম্পানীর সংঘ-বিধিসমূহের (Articles of Association) ধারা মোতাবেক সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্য থেকে সংশ্লিষ্ট বছরে ম্যাকডোনাল্ড বাংলাদেশ (প্রাঃ) লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সারোয়ার কামাল পরিচালকের পদ হ'তে অবসর গ্রহণ করবেন। কিন্তু তিনি শেয়ার মালিকানা বলে পুনঃনির্বাচনের যোগ্যতা রাখেন। সরকারী শেয়ারহোল্ডারদের মধ্য থেকে পরিচালক জনাব মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া কোম্পানীর পরিচালকের পদ হ'তে অবসর গ্রহণ করলেও শেয়ার মালিকানা বলে তিনি পুনঃনিযুক্তির যোগ্যতা রাখেন।

নিরীক্ষক নিয়োগ

পরবর্তী বছরের জন্য আর্টিসান, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্ এবং মসিহ মুহিত হক এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্ নিরীক্ষক হিসেবে কাজ করার জন্য আগ্রহ প্রকাশ করেছে। নিরীক্ষক হিসাবে তাদের পুনঃনিয়োগের সুযোগ আছে বিধায় ২০১৮-২০১৯ হিসাববর্ষের জন্য কোম্পানীর হিসাব নিরীক্ষা কার্য সম্পন্ন করার লক্ষ্যে উক্ত নিরীক্ষকদ্বয়কে যুগ্মভাবে পুনঃনিয়োগ দেয়া যেতে পারে।

কর্পোরেট শাসন ব্যবস্থা বিষয়ক নির্দেশনা সংক্রান্ত প্রতিবেদন

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2006-158/134/Admin/44 and SEC/CMRRCD/2006-158/48 (কর্পোরেট শাসন ব্যবস্থা বিষয়ক নির্দেশনা) সংযুক্ত করা হলো।

নীট ফলাফল ও লভ্যাংশ প্রদানের প্রস্তাব

২০১৭-২০১৮ হিসাববর্ষে অর্জিত মুনাফা, Earning Per Share এবং কোম্পানীর শেয়ারের বর্তমান বাজার মূল্য বিবেচনায় লভ্যাংশ আরও বৃদ্ধির সুযোগ থাকলেও কোম্পানীর আর্থিক তারল্য সংকট, কোম্পানীর মাঠ ও কারখানা উন্নয়নে পুনঃবিনিয়োগের পরিকল্পনা থাকায় এবং সর্বোপরি শেয়ারহোল্ডারবৃন্দের ভবিষ্যৎ স্বার্থ রক্ষার উদ্দেশ্যে ২০১৭ সালের জুলাই থেকে ২০১৮ সালের জুন পর্যন্ত প্রতি শেয়ারে ২২.০০ শতাংশ হারে লভ্যাংশ প্রদানের লক্ষ্যে বোর্ড সুপারিশ প্রদান করে।

লাভ-লোকসানের খতিয়ানঃ

বিবরণ	জুলাই ২০১৭ - জুন ২০১৮
২০১৭ জুলাই থেকে ২০১৮ জুন পর্যন্ত করপূর্ব মুনাফা	**১০৭,১৬৫,৪৫৫ টাকা**
বিয়োজনঃ	
আয়কর (Provision for Income Tax)	৬,৯১৬,৮৮২ টাকা
বিলম্বিত কর (Deferred Tax)	(৫,৮৫৩,৪৭০) টাকা
কর পরবর্তী নীট মুনাফাঃ	**১০৬,১০২,০৪৩ টাকা**
সংযোজনঃ	
পূর্বের রক্ষিত জের	৫,৭১৮,০৬৮ টাকা
পূর্ববর্তী বছরগুলোর খরচের সমন্বয়	(২৬,৩৮৪,৯১৮) টাকা
সর্বমোটঃ	**৮৫,৪৩৫,১৯৩ টাকা**

বিভাজনঃ	
প্রতি শেয়ারে ২২.০০ শতাংশ হারে লভ্যাংশ প্রদানের প্রস্তাব	১,৪৫,২০,০০০ টাকা
উন্নয়ন তহবিলে স্থানান্তর	০ টাকা
লভ্যাংশ সমতা তহবিলে স্থানান্তর	০ টাকা
মোটঃ	১,৪৫,২০,০০০ টাকা
রক্ষিত জের	**৭,০৯,১৫,১৯৩ টাকা**

২০১৮-২০১৯ হিসাববর্ষের সম্ভাবনা

২০১৮-২০১৯ হিসাববর্ষে কোম্পানীর বাগানগুলোর Pruning ও Drainage সহ চা চাষাবাদের সাথে সম্পৃক্ত যাবতীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হবে। পরিমিত পরিমাণ বৃষ্টিপাত হলে এবং আবহাওয়া চা উৎপাদনের পক্ষে সহায়ক হলে কোম্পানীর উৎপাদন বৃদ্ধি পাবে। নীলাম বাজারে মূল্য প্রাপ্তির বর্তমান ধারা কিছুটা আশাব্যঞ্জক বলে মনে হচ্ছে। উল্লেখ্য যে, ইতিমধ্যে কোম্পানী কর্তৃক গৃহীত উন্নয়ন পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হলে চায়ের উৎপাদন ও গুণগত মান ব্যাপকভাবে বৃদ্ধি পাবে যা' ২০১৮-১৯ হিসাববর্ষসহ আগামী বছরগুলোতে কোম্পানী আশানুরূপ ফলাফল লাভে সহায়তা প্রদান করবে ।

কৃতজ্ঞতা

সংশ্লিষ্ট বৎসরে কোম্পানী সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের নিকট থেকে বিভিন্নভাবে সাহায্য ও সহযোগিতা পেয়েছে। এক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় সহ বিভিন্ন মন্ত্রণালয়ের সাহায্য ও সহযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও যৌথ মূলধনী কোম্পানী ও ফার্ম সমূহের পরিদপ্তর, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ চা বোর্ড, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সাধারণ বীমা কর্পোরেশন, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশীয় চা সংসদ, ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং অন্যান্য ব্যাংক ও সংস্থা সমূহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেছে। এ সকল সংস্থা বা প্রতিষ্ঠানের প্রতি পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হলো।

কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দের কর্মতৎপরতা ও নিষ্ঠা এবং কোম্পানীর প্রতি আনুগত্য কৃতজ্ঞতার সাথে উল্লেখপূর্বক কোম্পানীর সার্বিক উন্নয়নে তাদের অনুরূপ কর্মস্পৃহা, শ্রম, নিষ্ঠা ও প্রচেষ্টার ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা যাচ্ছে।

সম্মানিত শেয়ারহোল্ডারগণের অব্যাহত সমর্থন, মূল্যবান পরামর্শ ও সহযোগিতা প্রদানের জন্য পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে রইল আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা ।

পরিশেষে পরম করুণাময় আল্লাহ্‌তায়ালার নিকট আগামী বছরগুলোতে কোম্পানীর উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সকলের মঙ্গল কামনা করে প্রতিবেদন সমাপ্ত করা হলো।

আল্লাহ্ হাফেজ।

(মুন্সী সফিউল হক)
চেয়ারম্যান

(মোঃ ফায়েকুজ্জামান)
স্বতন্ত্র পরিচালক

(সৈয়দ শাহরিয়ার আহসান)
পরিচালক

(মোঃ সারোয়ার কামাল)
পরিচালক

(মোঃ শওকত আলী ওয়ারেছী)
স্বতন্ত্র পরিচালক

(কাজী ছানাউল হক)
পরিচালক

(মোহাম্মদ বিন কাশেম)
পরিচালক

(মোঃ শাকিল রিজভী)
পরিচালক

(মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া)
পরিচালক

(মোঃ আব্দুল আউয়াল)
ব্যবস্থাপনা পরিচালক

ANNEXURE – 1

Pattern of Shareholdings

Name of the shareholders along with their position of the shares are listed below:

NAME OF SHAREHOLDERS		SHARES HELD	% OF HOLDING
Sponsors/Directors:			
Sponsors/Directors holding more than 10%			
01.	Investment Corporation of Bangladesh & it's Mutual Funds, Unit Funds & Bangladesh Fund & Other Funds	2,193,044	33.23%
02.	Sadharan Bima Corporation	758,710	11.50%
	Sub-total	**2,951,754**	**44.73%**
Sponsors/Directors holding less than 10%			
01.	Equity Resources Limited Represented by Mr. Mohammad Bin Quasem	381,850	5.79%
02.	Govt. of the People's Republic of Bangladesh	2,86,000	4.33%
03.	Mr.Md.Shakil Rizvi	152,418	2.31%
04.	Mr.Md.Sarwar Kamal	139,907	2.12%
	Sub-total	**960,175**	**14.55%**
Shareholding position of the Executives:			
01.	Chief Executive Officer(CEO)	20	0.00%
02.	Company Secretary (CS)	-	-
03.	Chief Financial Officer (CFO)	-	-
04.	Audit Head	-	-
05.	Other Executives	-	-
	Sub-total	**20**	**0.00%**
Other Shareholders			
01.	Financial Institutions other than ICB	95,900	1.45%
02.	Other Institutions	298,911	4.53%
03.	General Public	2,293,240	34.74%
	Sub-total	**2,688,051**	**40.72%**
	Grand-total	**66,00,000**	**100.00%**

- **২০১৭ সালের জুলাই থেকে ২০১৮ সালের জুন পর্যন্ত কোম্পানীর মোট ১১টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে। কোম্পানীর বর্তমান পরিচালকমণ্ডলী যে সকল সভায় উপস্থিত ছিলেন তা' নিম্নোক্তভাবে প্রদান করা হলো:-**

পরিচালকের নাম	পদবী	চলতি হিসাববর্ষে যোগদানের তারিখ	উপস্থিতির সংখ্যা
০১। জনাব মুন্সী সফিউল হক	চেয়ারম্যান		১১
০২। জনাব মোঃ ফায়েকুজ্জামান	স্বতন্ত্র পরিচালক		১০
০৩। জনাব সৈয়দ শাহরিয়ার আহসান	পরিচালক		৮
০৪। জনাব মোঃ সারোয়ার কামাল	পরিচালক		১০
০৫। জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী	স্বতন্ত্র পরিচালক		১১
০৬। জনাব কাজী ছানাউল হক	পরিচালক	০৯-০৯-২০১৭	৭
০৭। জনাব মোহাম্মদ বিন কাশেম	পরিচালক	২৭-১০-২০১৭	১০
০৮। জনাব মোঃ শাকিল রিজভী	পরিচালক	২১-১২-২০১৭	৬
০৯। জনাব মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া	পরিচালক	২১-০৪-২০১৮	৩
১০। জনাব মোঃ আব্দুল আউয়াল	ব্যবস্থাপনা পরিচালক		১১

- **সাবেক পরিচালকমণ্ডলী যে সকল সভায় উপস্থিত ছিলেন তা' নিম্নে প্রদান করা হলো:-**

পরিচালকের নাম	পদবী	চলতি হিসাববর্ষে অব্যাহতির তারিখ	উপস্থিতির সংখ্যা
০১। জনাব মইনুল ইসলাম	**সাবেক পরিচালক**	২১-১২-২০১৭	৭

অডিট কমিটির প্রতিবেদন

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর ২০/০২/২০০৬ তারিখের প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/১১৯/এ্যাডমিন/০২-০৮ (সর্বশেষ জুন ০৩, ২০১৮ তারিখে সংশোধিত প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এ্যাডমিন/৮০) অনুসারে বিগত ১৫ই মে, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৪৯৬তম সভায় কোম্পানীর "অডিট কমিটি" গঠন করা হয়। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর ৭ই আগষ্ট, ২০১২ তারিখের প্রজ্ঞাপন নং-এসইসি/ সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/১৩৪/এ্যাডমিন/৪৪ এবং সর্বশেষ জুন ০৩, ২০১৮ তারিখে সংশোধিত প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এ্যাডমিন/৮০ অনুসারে বোর্ডের দায়িত্ব ও কর্তব্য যথাযথ ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অডিট কমিটি বোর্ডকে সহযোগিতা প্রদান করে থাকে।

বোর্ড কর্তৃক গঠিত বর্তমান অডিট কমিটি নিম্নরূপঃ

ক্রমিক নং	পরিচালকের নাম	পদবী	কমিটিতে অবস্থান
১	জনাব মোঃ ফায়েকুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	কমিটির চেয়ারম্যান
২	জনাব সৈয়দ শাহরিয়ার আহসান	পরিচালক	কমিটির সদস্য
৩	জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী	স্বতন্ত্র পরিচালক	কমিটির সদস্য
৪	জনাব কাজী ছানাউল হক	পরিচালক	কমিটির সদস্য
৫	জনাব মোহাম্মদ বিন কাশেম	পরিচালক	কমিটির সদস্য
৬	জনাব মোঃ শাকিল রিজভী	পরিচালক	কমিটির সদস্য

কোম্পানী সচিব জনাব মোঃ লোকমান হোসেন অডিট কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন। কমিটির কোন সদস্যই কোম্পানীর নির্বাহী কর্মকান্ডের সাথে সম্পৃক্ত নয় এবং কমিটির চেয়ারম্যান একজন স্বতন্ত্র পরিচালক। কমিটির সকল সদস্যই যথাযথভাবে দায়িত্ব পালনে এবং আর্থিক প্রতিবেদনের ব্যাখ্যা ও বিশ্লেষণে প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতার অধিকারী। হিসাব ও আর্থিক বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে কমিটি কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক, অর্থ ও হিসাব বিভাগের প্রধান এবং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের প্রধানকে সভায় আহবান করে থাকে।

কমিটির ভূমিকা

কোম্পানীর হিসাবের স্বচ্ছতা নিশ্চিত করার জন্য আর্থিক বিবরণী এবং কোম্পানীর অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে কমিটির সুপারিশ বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বোর্ড সভায় উপস্থাপন করা হয়। কমিটির দায়িত্ব সমূহ নিম্নরূপঃ

ক) আর্থিক বিবরণী

- ত্রৈমাসিক ভিত্তিতে হিসাব বিবরণী পর্যবেক্ষণ।
- বার্ষিক আর্থিক বিবরণী পর্যবেক্ষণ।
- ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক বিবরণীসমূহ প্রচলিত হিসাবের নীতি অনুসরণপূর্বক প্রণয়ন করা হয়েছে কিনা কমিটি কর্তৃক তা' পর্যবেক্ষণ।
- কোম্পানীর উপরোক্ত হিসাব বিবরণী পর্যবেক্ষণপূর্বক এ সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

খ) কমিটির প্রতিবেদন

কমিটির উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করেছে কিনা সে বিষয়ে সাধারণ শেয়ারহোল্ডারদের নিকট প্রতি বছর একটি প্রতিবেদন প্রকাশ।

গ) অভ্যন্তরীণ নিরীক্ষা

- অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অডিট প্লান পর্যবেক্ষণ ও অনুমোদন।
- কোম্পানীর অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের সাংগঠনিক ও জনবল পর্যাপ্ততা এবং নির্ধারিত কার্যাদি পর্যালোচনা।
- কোম্পানীর ১৩টি চা বাগানসহ সদর দপ্তরের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্য পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যের Status Report পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, সুপারিশ এবং এ বিষয়ে করণীয় নির্ধারণ।

ঘ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

- ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট পর্যালোচনা, Variance Analysis করা এবং যথাযথ সুপারিশ প্রদান।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়ন ।
- Management Information System(MIS) ব্যবস্থার অগ্রগতি/উন্নয়নসহ Computerization এর মাধ্যমে সঠিক ও দ্রুত তথ্য প্রাপ্তির পদক্ষেপ সমূহ পর্যালোচনা।

ঙ) **বহিঃনিরীক্ষা**

- বহিঃযুগ্ম-নিরীক্ষকের অডিট রিপোর্ট ও আর্থিক বিবরণী সমূহ বিচার বিশ্লেষণ।
- বহিঃযুগ্ম-নিরীক্ষকের বিরূপ মন্তব্য সমূহ পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান।
- বহিঃযুগ্ম-নিরীক্ষকের সাথে আলোচনাপূর্বক হিসাব সম্পর্কে তাদের মতামত গ্রহণ ও বিভিন্ন দুর্বল দিক্ সমূহ পর্যালোচনা।
- কোম্পানীর নিরীক্ষিত বার্ষিক হিসাব ও Management Report সম্পর্কে করণীয় সুপারিশসহ বোর্ডের অনুশাসন পালন।

চ) **বহিঃনিরীক্ষক নিয়োগ**

- বহিঃনিরীক্ষক নিয়োগের লক্ষ্যে তাদের আবেদন পত্র যাচাই এবং বোর্ডের নিকট সুপারিশ প্রদান।
- বহিঃনিরীক্ষক নিয়োগের লক্ষ্যে তাদের পারিতোষিক নির্ধারণ এবং বোর্ডের নিকট সুপারিশ প্রদান।

ছ) **আইনগত বাধ্যবাধকতা অনুসরণ**

কোম্পানী কর্তৃক অনুসৃত পদ্ধতিসমূহ (Procedures), কোম্পানী আইন, বিএসইসি, ডিএসই, সিএসই এবং অন্যান্য রেগুলেটরী কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত/ নির্দেশিত আইন/ নির্দেশনা ইত্যাদি যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা' পর্যবেক্ষণ ও নিশ্চিতকরণ।

জ) **বিবিধ**

বোর্ডের নির্দেশিত সংশ্লিষ্ট বিষয়াদি কমিটি কর্তৃক যথাযথভাবে প্রতিপালন।

কমিটির ক্ষমতা

অডিট কমিটিকে কোম্পানীর যাবতীয় আর্থিক কার্যক্রম পর্যবেক্ষণের জন্য বোর্ড ক্ষমতা অর্পণ করে। বোর্ড কমিটিকে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকসহ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে প্রয়োজনানুসারে যাবতীয় তথ্যাবলী প্রাপ্তির ক্ষমতা অর্পণ করে। অডিট কমিটিকে প্রয়োজনানুসারে কোম্পানীর আইন উপদেষ্টা, কর উপদেষ্টা এবং যুগ্ম-নিরীক্ষকের পরামর্শ গ্রহণের জন্য বোর্ড ক্ষমতা অর্পণ করে।

সংশ্লিষ্ট হিসাববর্ষের সম্পাদিত কার্যক্রমঃ

২০১৭-১৮ হিসাববর্ষে কমিটি তাদের উপর অর্পিত দায়িত্ব সমূহ যথাযথভাবে পালনে সচেষ্ট ছিল যার কিছু বিষয় নিম্নে তুলে ধরা হলো:

ক) **আর্থিক প্রতিবেদনঃ**

কোম্পানী আইন, আন্তর্জাতিক হিসাবমান (IAS), আন্তর্জাতিক হিসাব প্রতিবেদন মান (IFRS) এবং অন্যান্য বিধিবদ্ধ নির্দেশনা অনুসারে আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও নিশ্চিতকরণ করা হয়েছে।

খ) **অভ্যন্তরীণ নিরীক্ষা এবং নিয়ন্ত্রণঃ**

১৩ টি চা বাগানসহ সদর দপ্তরের নিরীক্ষা কার্য-পর্যবেক্ষণ ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ) **বহিঃনিরীক্ষা কার্যক্রমঃ**

বহিঃযুগ্ম নিরীক্ষকের নিরীক্ষা প্রতিবেদন ও আর্থিক বিবরণী সমূহ যথাযথ পর্যবেক্ষণ, বিচার-বিশ্লেষণপূর্বক ব্যবস্থাপনাকে যথাযথ ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

ঘ) **নীতি ও নৈতিকতা সংক্রান্তঃ**

প্রতিষ্ঠানের সর্বস্তরে নীতি ও নৈতিকতার যথাযথ প্রতিফলন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

কমিটির সভা

২০১৭ সালের জুলাই হতে ২০১৮ সালের জুন পর্যন্ত অর্থাৎ ১২ মাসে অডিট কমিটির ১২ (বারো) টি সভা অনুষ্ঠিত হয়। অডিট কমিটি সভার কার্য-বিবরণী কোম্পানীর বোর্ড সভায় নিয়মিতভাবে পেশ করা হয়ে থাকে। কমিটির সভায় উপস্থিতি নিম্নরূপঃ

বর্তমান সদস্যবৃন্দঃ

ক্রমিক নং	অডিট কমিটি	সংশ্লিষ্ট বছরে সভার সংখ্যা	পরিচালক/সদস্য থাকাকালীন সভার সংখ্যা	উপস্থিতির সংখ্যা	উপস্থিতির হার	মন্তব্য
০১	**জনাব মোঃ ফায়েকুজ্জামান** স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান (০১-০৭-২০১৭ থেকে ৩০-০৬-২০১৮)	১২টি	১২টি	১১টি	৯১.৬৭%	
০২	**জনাব সৈয়দ শাহরিয়ার আহসান** (পরিচালক ও অডিট কমিটির সদস্য) (০১-০৭-২০১৭ থেকে ৩০-০৬-২০১৮)	১২টি	১২টি	১১টি	৯১.৬৭%	
০৩	**জনাব কাজী ছানাউল হক** (পরিচালক ও অডিট কমিটির সদস্য) (১২-০৫-২০১৮ থেকে ৩০-০৬-২০১৮)	১২টি	১টি	১টি	১০০%	কমিটির সদস্য হিসাবে নিয়োগের পর কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়।
০৪	**জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী** (স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির সদস্য) (০১-০৭-২০১৭ থেকে ৩০-০৬-২০১৮)	১২টি	১২টি	১২টি	১০০%	
০৫	**জনাব মোহাম্মদ বিন কাশেম** (পরিচালক ও অডিট কমিটির সদস্য) (১২-০৫-২০১৮ থেকে ৩০-০৬-২০১৮)	১২টি	১টি	-	০%	কমিটির সদস্য হিসাবে নিয়োগের পর কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়।
০৬	**জনাব মোঃ শাকিল রিজভী** (পরিচালক ও অডিট কমিটির সদস্য) (১২-০৫-২০১৮ থেকে ৩০-০৬-২০১৮)	১২টি	১টি	১টি	১০০%	কমিটির সদস্য হিসাবে নিয়োগের পর কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়।

কমিটির সাবেক সদস্যঃ

০১	**জনাব মোঃ সারোয়ার কামাল** (পরিচালক ও অডিট কমিটির সদস্য) (০১-০৭-২০১৭ থেকে ১১-০৫-২০১৮)	১২টি	১১টি	২টি	১৮.১৮%	কমিটির সদস্য থাকাকালীন সময়ে কমিটির ১১টি সভা অনুষ্ঠিত হয়।

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক, অর্থ ও হিসাব বিভাগের প্রধান এবং অভ্যন্তরীণ নিরীক্ষক সভাগুলোতে অডিট কমিটির চাহিদা অনুসারে উপস্থিত ছিলেন। ২০১৭ সালের জুলাই হতে ২০১৮ সালের জুন পর্যন্ত হিসাব বিবেচনাকালে কোম্পানীর বহিঃযুগ্ম-নিরীক্ষকের প্রতিনিধি উপস্থিত থেকে হিসাবের বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন।

কৃতজ্ঞতা স্বীকার

কমিটি কোম্পানীর চেয়ারম্যানসহ বোর্ডের অন্যান্য সদস্যদেরকে তাঁদের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে। এছাড়া কমিটিকে সার্বিক সহযোগিতার জন্য কোম্পানীর বহিঃযুগ্ম-নিরীক্ষকসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করছে ।

(মোঃ ফায়েকুজ্জামান)
স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান

INFORMATION AT A GLANCE


	YEAR ENDED	2017-18	2016-17	2015	2014	2013
A.	**TRADING RESULTS:**					
	Turnover [in thousand tk.]	1,143,640	985,670	939,947	837,732	856,817
	Gross Profit [in thousand tk.]	348,241	297,009	293,144	226,222	364,919
	Interest Paid [in thousand tk.]	36,393	34,082	41,054	40,750	26,949
	Profit/(Loss) before interest [in thousand tk.]	142,495	113,487	120,309	82,849	188,371
	Net Profit/(Loss) [in thousand tk.]	106,102	79,405	79,255	42,099	161,422
	Gross Profit on Sales [in %]	30.45	30.13	31.19	27.00	42.59
	Profit (Loss) on Sale before interest [in %]	12.46	11.51	12.80	9.89	21.98
	Net Profit/(Loss) on Sales [in %]	9.28	8.06	8.43	5.03	18.84
	Earning per Share [in tk.]	16.08	12.03	12.01	6.38	24.46
	Sales Revenue per share[in tk.]	173.28	149.34	142.42	126.93	129.82
B.	**SHAREHOLDERS EQUITY**					
	Share Capital [in thousand tk.]	66,000	66,000	66,000	66,000	66,000
	Reserve and Surplus [in thousand tk.]	945,549	877,712	864,783	766,940	759,306
		1,011,549	**943,712**	**930,783**	**832,940**	**825,306**
	Dividend per Share [in tk./share]*	**2.20**	**1.18**	**2.00**	**2.00**	**3.00**
	Return on Shareholder's Equity [In %]	10.49	8.41	8.51	5.05	19.56
	Net Asset Value [NAV] in thousand tk.	1,011,549	943,712	930,783	832,940	825,306
	Net Asset Value (NAV)[in tk./share]	153.27	142.99	141.03	126.20	125.05
	Net operating cash flow [in tk.]	217,803	31,626	197,917	108,112	112,614
	Net operating cash flow [in tk./share]	33.00	4.79	29.99	16.38	17.06
C.	**TOTAL ASSETS [in thousand tk.]**	**2,214,680**	**2,132,951**	**1,930,694**	**1,804,403**	**1,730,514**
	Return on Asset (in %)	4.79	3.72	4.11	2.33	9.33
D.	**OTHERS INFORMATION**					
	Production [in thousand kg]	5,184	5,773	5,225	4,820	4,928
	Cost of Production/kg [in tk]	186.89	151.51	164.25	159.63	153.49
	Average Price/kg [in tk]	207.78	166.15	180.57	161.14	168.57
	Planting tea [in hectare]	236.00	239.05	217.20	201.00	204.80

* Cash dividend of Tk.3.00 per share was declared for the 18 months period from January 2015 to June 2016. Considering this, Tk.2.00 is presented above as dividend for the year 2015 (Twelve months).


Face value of shares have been converted into tk. 10 each during 2011 , accordingly figures of previous years have been rearranged

KEY PERFORMANCE INDICATORS


Turnover [in thousand tk.]




Gross Profit [in thousand tk.]



Interest Paid [in thousand tk.]




Profit/(Loss) before interest [in thousand tk.]




KEY PERFORMANCE INDICATORS


Net Profit/(Loss) [in thousand tk.]




Gross Profit on Sales [in %]



Profit (Loss) on Sale before interest [in %]




Net Profit/(Loss) on Sales [in %]




KEY PERFORMANCE INDICATORS


Earning per Share [in tk.]




Sales Revenue per Share [in tk.]



Reserve and Surplus [in thousand tk.]




Dividend per Share [in tk./share]




KEY PERFORMANCE INDICATORS


Return on Shareholder's Equity [In %]




Net Asset Value [NAV] in thousand tk.



Net Asset Value (NAV)[in tk./share]




Net operating cash flow [in tk.]




KEY PERFORMANCE INDICATORS

Net operating cash flow [in tk./share]




Planting tea [in hectare]



TOTAL ASSETS [in thousand tk.]




Return on Asset [in %.]




KEY PERFORMANCE INDICATORS


Production in Thousand Kg



Average Price per kg



Cost per kg



বাগান ভিত্তিক পরিসংখ্যান


চা বাগানের নাম	চা উৎপাদন (কেজি) হাজারের অংকে					প্রতি কেজির গড় বিক্রয় মূল্য (টাকায়)					প্রতি কেজির উৎপাদন ব্যয় (টাকায়)					লাভ/ (লোকসান) হাজারের অংকে				
	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
পাত্রখোলা	১,০৪০	১,০০৮	১,০৮৭	১,১৩১	১,০১৪	১৬২.০৮	১৬০.২৫	১৭৯.১১	১৫০.৫৪	২০৫.৭৪	১২৯.৬৬	১৩৩.৪৯	১৩৮.২৯	১৪১.৩৩	১৬১.০১	৪৬,৩০০	২৬,৭৩১	৩৮,২৯৬	৯,৮৪২	৪১,৬০৫
কুরমা	৩৭১	৩৭৬	৪২৪	৪৯৮	৩৬২	১৫৪.১০	১৪৯.৪১	১৭৪.৩৪	১৪৭.৭১	২০১.৯৭	১৯১.৩৮	১৯৮.১৩	১৮২.২৮	১৭৬.২৮	২৬০.৭৮	-৮,৭৩৫	-১৮,৬৬৬	-৫,১১৪	-১৫,০০৪	-২১,৫০২
চাম্পারায়	৩৬১	৩৪৩	৪১৬	৫১৩	৪২৮	১৮১.২৭	১৭৪.৭৩	১৮৯.৯৮	১৭৮.১২	২১৫.৮৮	১৬৪.২৯	১৭৬.৫৫	১৬৬.২৩	১৪৪.৫০	১৯৭.০৫	১৩,৩৭৯	-৬৬৪	৮,১৬৮	১৬,৯২৩	৮,৫৫৬
মদনমোহনপুর	৩৪২	৩০৭	৩৭২	৩৬৬	৩৫২	১৭১.০৬	১৫৮.৩৪	১৭৮.৫৩	১৪৬.৮১	২০৩.০৫	১৩২.৫৫	১৩৭.২৩	১৪১.২২	১৩৯.৫৮	১৬৪.৩৮	১৭,৫৬৭	৭,১০৭	১১,৯৭৭	২,৬০৯	১৩,৬৫২
মাধবপুর	৩৫৫	৩৫৯	৩৭৫	৩৯২	৩৪৭	১৬৩.৫৯	১৬৫.৬৭	১৮৩.৬১	১৬৯.৮০	২১০.৪৮	১৮৩.০১	১৮৩.৭০	২০০.৭৩	১৯৯.২৩	১৩৪.৩৯	-৪১৮	-৬,৮৮৯	-৮,৬২৫	-১০,৭২৪	-৮,৯২১
জগদীশপুর	৩৪১	৩১৪	৩৬২	৪১৭	৩৩২	১৫২.৫১	১৬৩.১৮	১৮৪.০১	১৬৬.৭০	২০৩.৮৯	১৪৪.৬১	১৫৭.২৩	১৫৬.৩৯	১৪০.৭৯	১৮৮.৫৭	৯,০১০	৫,০৩৬	১২,৬৭৭	১০,৫২৬	৫,৭৭৫
তেলিয়াপাড়া	৫৫০	৫৬৫	৫৭০	৬৫০	৬০১	১৮৯.৫৫	১৬৬.৪০	১৭৬.৮১	১৭৪.৩৫	২০১.১২	১৪৯.৪২	১৪৭.০৯	১৬৫.২৯	১৫২.৪৮	১৭৭.৪১	৩৪,৫১৩	১২,৮৯২	৩,৮৫০	১৪,৩৩৮	১৩,০৬৯
চন্ডিছড়া	৫০৭	৫১০	৫৫০	৬৭৪	৬৬০	১৭৮.০০	১৭২.৭২	১৯০.৫০	১৮৫.৪৯	২১৪.৮১	১৪৭.০৪	১৪৩.২৭	১৪৭.৫৩	১২৯.২৮	১৪৩.৮২	৩১,৯৮৯	১৯,৪১৬	২৩,৩৮৫	৩৯,৬১২	৪৫,৭৯৫
লাক্কাতুড়া	৫০৪	৪৬৫	৪৯০	৫১১	৫৩৪	১৭০.৬৪	১৫৩.৪২	১৭৫.২৯	১৭৬.০৮	২০৭.২৭	১৪৬.৫৭	১৬১.৬৭	১৬৪.৮০	১৬২.০১	১৬৯.৫৬	১৯,৫৭০	-১,৯৮৫	২,৭৯০	৮,২৩৩	১৯,১৯২
পারকুল	৩১৬	৩১৭	৩২০	৩২৮	২৯৮	১৭০.২৭	১৫৭.৪০	১৭৬.৭৮	১৬৯.৫৯	২০৩.৯৩	১৪৭.৬৮	১৫২.৩৮	১৭২.৪৮	১৬৫.০৩	২০১.৩৬	৭,৬৪৯	৬৭৯	-৫০৬	১,৭৫৫	২,০০০
প্রেমনগর	১৭১	১৮৭	১৮৭	২০৬	১৮০	১৬০.৭১	১৪২.৩২	১৭৭.৪৯	১৮৪.৫৪	১৯৬.৪৪	১৮৭.৪৮	১৭৫.০৪	২০২.৬২	১৮০.৭৬	২২৮.৩০	-২,৬০৩	-৭,০৫৯	-৫,৩৬২	৩৭	-৬,৪৫২
বিজয়া	৭০	৬৯	৭২	৮৭	৭৬	১৩৯.৭৯	১৪৬.৩৩	১৮০.৮৪	১৭৯.০২	১৮১.৫০	২০৬.৪৮	২১৬.৯১	২৪৩.১৮	২৩১.৫০	২৮৩.২৪	৫২১	-৪,৯০০	-২,৯৭৮	-৩,৪২৮	-৬,৮১৪
পাটিয়া	০	০	০	০	০						০	০	০	০.০০	০.০০	-১২৩	-১২৫	-১২৮	-১৫৯	-১৮১
চা বিপণন কেন্দ্র	০	০	০	০	০											৫,০৫৬	৩,৯৭৮	১,৬০০	৬,১৭১	১,৩৯১
কোম্পানীর সর্বমোট ফলাফলের পরিসংখ্যান	৪,৯২৮	৪,৮২০	৫,২২৫	৫,৭৭৩	৫,১৮৪	১৬৮.৫৭	১৬১.১৪	১৮০.৫৭	১৬৬.১৫	২০৭.৭৮	১৫৩.৪৯	১৫৯.৬৩	১৬৪.২৫	১৫১.৫১	১৮৬.৮৯	১৭৩,৬৭৫	৩৫,৫৫১	৮০,০৩০	৮০,৭৩১	১০৭,১৬৫

পাত্রখোলা চা বাগান

কমলগঞ্জ, মৌলভীবাজার, সিলেট

স্থাপিত	১৮৭৫ ইং
মোট জমির পরিমাণ	১৮৫৭.২০ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১,৮৬৮ জন
মোট কর্মচারীর সংখ্যা	৪০ জন





বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব মোঃ শফিকুর রহমান
ব্যবস্থাপক


জনাব মোঃ আনোয়ার হোসেন
সহকারী ব্যবস্থাপক

জনাব মোঃ হোসাইন উদ্দিন
সহকারী ব্যবস্থাপক

জনাব মোঃ সেলিমুর রহমান
সহকারী ব্যবস্থাপক

জনাব কৌশিক আহমেদ
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	১০৪০	১০০৮	১০৮৭	১১৩১	১০১৪
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১২৯.৬৬	১৩৩.৪৯	১৩৮.২৯	১৪১.৩৩	১৬১.০১



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	৪৬৩.০০	২৬৭.৩১	৩৮২.৯৬	৯৮.৪২	৪৬৬.০৫
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৬২.০৮	১৬০.২৫	১৭৯.১১	১৫০.৫৪	২০৫.৭৪




কুরমা চা বাগান

কমলগঞ্জ, মৌলভীবাজার, সিলেট

স্থাপিত	১৮৯৫ ইং
মোট জমির পরিমাণ	১২৭৬.১৯ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১,৩৯১ জন
মোট কর্মচারীর সংখ্যা	২৯ জন





বাগান কর্মকর্তাবৃন্দ


জনাব মোঃ শফিকুর রহমান
ব্যবস্থাপক

জনাব মোঃ আকতার শহিদ
সহকারী ব্যবস্থাপক

জনাব এ.আর.এম জিলকার চৌধুরী
সহকারী ব্যবস্থাপক

জনাব তাপস কুমার কুন্ডু
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৩৭১	৩৭৬	৪২৪	৪৯৮	৩৬২
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৯১.৩৮	১৯৮.১৩	১৮২.২৮	১৭৬.২৮	২৬০.৭৮



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	-৮৭.৩৫	-১৮৬.৬৬	-৫১.১৪	-১৫০.০৪	-২১৫.০২
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৫৪.১০	১৪৯.৪১	১৭৪.৩৪	১৪৭.৭১	২০১.৯৭




চাম্পারায় চা বাগান

কমলগঞ্জ, মৌলভীবাজার, সিলেট

স্থাপিত	১৯১০ ইং
মোট জমির পরিমাণ	৮০৮.২২ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১,১১০ জন
মোট কর্মচারীর সংখ্যা	২৫ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব মোঃ শামসুল ইসলাম
ব্যবস্থাপক

জনাব আমিনুল ইসলাম ফকির
সহকারী ব্যবস্থাপক

জনাব মোঃ রাহেল রানা
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৩৬১	৩৪৩	৪১৬	৫১৩	৪২৮
কেজি প্রতি উৎপাদন ব্য় (টাকা)	১৬৪.২৯	১৭৬.৫৫	১৬৬.২৩	১৪৪.৫	১৯৭.০৫



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	১৩৩.৭৯	-৬.৬৪	৮১.৬৮	১৬৯.২৩	৮৫.৫৬
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৮১.২৭	১৭৪.৭৩	১৮৯.৯৮	১৭৮.১২	২১৫.৮৮




মদনমহনপুর চা বাগান

কমলগঞ্জ, মৌলভীবাজার, সিলেট

স্থাপিত	১৮৭৯ ইং
মোট জমির পরিমাণ	৪০৩.৫২ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	৪৭১ জন
মোট কর্মচারীর সংখ্যা	১৯ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব মোঃ জাহাঙ্গীর রশিদ
ব্যবস্থাপক

জনাব হুমায়ুন কবির তালুকদার
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৩৪২	৩০৭	৩৭২	৩৬৬	৩৫২
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৩২.৫৫	১৩৭.২৩	১৪১.২২	১৩৯.৫৮	১৬৪.৩৮



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	১৭৫.৬৭	৭১.০৭	১১৯.৭৭	২৬.০৯	১৩৬.৫২
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৭১.০৬	১৫৮.৩৪	১৭৮.৫৩	১৪৬.৮১	২০৩.০৫




মাধবপুর চা বাগান

কমলগঞ্জ, মৌলভীবাজার, সিলেট

স্থাপিত	১৮৯২ ইং
মোট জমির পরিমাণ	১,১৪৩.৭৪ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১,১৭৪ জন
মোট কর্মচারীর সংখ্যা	২৮ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব চৌধুরী মুরাদ আহমদ
ব্যবস্থাপক

জনাব মোঃ ইউসুফ খান
সহকারী ব্যবস্থাপক

জনাব প্রসেন গোপ
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৩৫৫	৩৫৯	৩৭৫	৩৯২	৩৪৭
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৮৩.০১	১৮৩.৭	২০০.৭৩	১৯৯.২৩	২৩৪.৩৯



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	-৪.১৮	-৬৮.৮৯	-৮৬.২৫	-১০৭.২৪	-৮৯.২১
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৬৩.৫৯	১৬৫.৬৭	১৮৩.৬১	১৬৯.৮০	২১০.৪৮




জগদীশপুর চা বাগান

মাধবপুর, হবিগঞ্জ, সিলেট

স্থাপিত	১৯২৫ ইং
মোট জমির পরিমাণ	৬০২.৮৫ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	৭০২ জন
মোট কর্মচারীর সংখ্যা	২১ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব বিদ্যুৎ কুমার রায়
ব্যবস্থাপক

জনাব মোঃ তকদির হোসেন
সহকারী ব্যবস্থাপক

জনাব বিপ্লব কুমার সূত্রধর
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৩৪১	৩১৪	৩৬২	৪১৭	৩৩২
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৪৪.৬১	১৫৭.২৩	১৫৬.৩৯	১৪০.৭৯	১৮৮.৫৭



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	৯০.১	৫০.৩৬	১২৬.৭৭	১০৫.২৬	৫৭.৭৫
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৫২.৫১	১৬৩.১৮	১৮৪.০১	১৬৬.৭	২০৩.৮৯




তেলিয়াপাড়া চা বাগান

মাধবপুর, হবিগঞ্জ, সিলেট

স্থাপিত	১৮৯৫ ইং
মোট জমির পরিমাণ	১,০৫৩.১৫ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১,১০৭ জন
মোট কর্মচারীর সংখ্যা	৩৫ জন





বাগান কর্মকর্তাবৃন্দ


জনাব কাজী মোঃ এমদাদুল হক
ব্যবস্থাপক

জনাব মোঃ মনির উদ্দিন
সহকারী ব্যবস্থাপক

জনাব দ্বিপন কুমার সিংহ
সহকারী ব্যবস্থাপক


জনাব সনদ কুমার দত্ত
সহকারী ব্যবস্থাপক

বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৫৫০	৫৬৫	৫৭০	৬৫০	৬০১
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৪৯.৪২	১৪৭.০৯	১৬৫.২৯	১৫২.৪৮	১৭৭.৪১

বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	৩৪৫.১৩	১২৮.৯২	৩৮.৫০	১৪৩.৩৮	১৩০.৬৯
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৮৯.৫৫	১৬৬.৪০	১৭৬.৮১	১৭৪.৩৫	২০১.১২






চন্ডিছড়া চা বাগান

চুনারুঘাট, হবিগঞ্জ, সিলেট

স্থাপিত	১৮৭৬ ইং
মোট জমির পরিমাণ	৭৯৩.০৮ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	৯৫৫ জন
মোট কর্মচারীর সংখ্যা	৩২ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক

জনাব এন.এম. শাহজাদা সোহাগ
সহকারী ব্যবস্থাপক

জনাব শোয়েব আল আনসারী
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৫০৭	৫১০	৫৫০	৬৭৪	৬৬০
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৪৭.০৪	১৪৩.২৭	১৪৭.৫৩	১২৯.২৮	১৪৩.৮২



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	৩৯৯.৮৯	১৯৪.১৬	২৩৩.৮৫	৩৯৬.১২	৪৫৭.৯৫
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৭৮.০০	১৭২.৭২	১৯০.৫০	১৮৫.৪৯	২১৪.৮১




লাক্কাতুড়া চা বাগান

সিলেট সদর, সিলেট

স্থাপিত	১৮৭৫ ইং
মোট জমির পরিমাণ	১২৮৪.৩২ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১০৭৯ জন
মোট কর্মচারীর সংখ্যা	৩২ জন





বাগান কর্মকর্তাবৃন্দ


জনাব আশরাফুল মতিন চৌধুরী
ব্যবস্থাপক

জনাব মোঃ মাহবুবুর রহমান
সহকারী ব্যবস্থাপক

জনাব মোহাম্মদ মাহবুবুল আশরাফ
সহকারী ব্যবস্থাপক

জনাব সৈয়দ তানজিদ রুবাইয়াত
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৫০৪	৪৬৫	৪৯০	৫১১	৫৩৪
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৪৬.৫৭	১৬১.৬৭	১৬৪.৮	১৬২.০১	১৬৯.৫৬



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	১৯৫.৭০	-১৯.৮৫	২৭.৯০	৮২.৩৩	১৯১.৯২
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৭০.৬৪	১৫৩.৪২	১৭৫.২৯	১৭৬.০৮	২০৭.২৭




পারকুল চা বাগান

চুনারুঘাট , হবিগঞ্জ , সিলেট

স্থাপিত	১৮৯২ ইং
মোট জমির পরিমাণ	১০২৫.০৬ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	৮১১ জন
মোট কর্মচারীর সংখ্যা	২৪ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব মোঃ আনা মিঞা (আনোয়ার হোসেন)
ভারপ্রাপ্ত ব্যবস্থাপক

জনাব এইচ. এম. কামরুজ্জামান
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৩১৬	৩১৭	৩২০	৩২৮	২৯৮
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৪৭.৬৮	১৫২.৩৮	১৭২.৪৮	১৬৫.০৩	২০১.৩৬



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	৭৬.৪৯	৬.৭৯	-৫.০৬	১৭.৫৫	২০.০০
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৭০.২৭	১৫৭.৪	১৭৬.৭৮	১৬৯.৫৯	২০৩.৯৩




প্রেমনগর চা বাগান

মৌলভীবাজার সদর, সিলেট

স্থাপিত	১৯২৭ ইং
মোট জমির পরিমাণ	৩৮৬.৩১ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	৪০০ জন
মোট কর্মচারীর সংখ্যা	২১ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব দেওয়ান বাহাউদ্দিন আহমদ
ভারপ্রাপ্ত ব্যবস্থাপক

জনাব মোঃ রাশেদুল হাসান
সহকারী ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	১৭১	১৮৭	১৮৭	২০৬	১৮০
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	১৮৭.৪৮	১৭৫.০৪	২০২.৬২	১৮০.৭৬	২২৮.৩



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য




	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	-২৬.০৩	-৭০.৫৯	-৫৩.৬২	৩৭.০০	-৬৪.৫২
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৬০.৭১	১৪২.৩২	১৭৭.৪৯	১৮৪.৫৪	১৯৬.৪৪



বিজয়া চা বাগান

কুলাউড়া, মৌলভীবাজার, সিলেট

স্থাপিত	১৯২৩ ইং
মোট জমির পরিমাণ	৩০৫.৯৮ হেক্টর
মোট শ্রমিক সংখ্যা	১৭৮ জন
মোট কর্মচারীর সংখ্যা	১১ জন






বাগান কর্মকর্তাবৃন্দ

জনাব শাহাদত হোসেন
ব্যবস্থাপক


বিগত ৫ বছরের উৎপাদন ও উৎপাদন ব্যয়



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
উৎপাদন (হাজার কেজি)	৭০	৬৯	৭২	৮৭	৭৬
কেজি প্রতি উৎপাদন ব্যয় (টাকা)	২০৬.৪৮	২১৬.৯১	২৪৩.১৮	২৩১.৫	২৮৩.২৪



বিগত ৫ বছরের লাভ-লোকসান ও বিক্রয় মূল্য



	২০১৩	২০১৪	২০১৫	২০১৬-১৭	২০১৭-১৮
লাভ/(লোকসান) লক্ষ টাকায়	৫.২১	-৪৯.০০	-২৯.৭৮	-৩৪.২৮	-৬৮.১৪
কেজি প্রতি বিক্রয় মূল্য (টাকা)	১৩৯.৭৯	১৪৬.৩৩	১৮০.৮৪	১৭৯.০২	১৮১.৫০




পটিয়া চা বাগান

পটিয়া, চট্টগ্রাম

উৎপাদন না থাকায় পটিয়া চা বাগানের তথ্যচিত্র প্রকাশ করা হলো না।

Auditor's Report
&
Financial Statements



ARTISAN
Chartered Accountants

মাসিহ মুহিত হক এন্ড কোং
MASIH MUHITH HAQUE & CO.
Chartered Accountants
Since 1985
A member firm of RSM

Auditors' Report to the Shareholders

We have audited the accompanying financial statements of **National Tea Company Limited**, which comprise the statement of financial position as at June 30, 2018, and the statement of comprehensive income, statement of changes in equity and statement of cash flows for the year then ended and a summary of significant accounting policies and other explanatory information.

Management's responsibility for the financial statements

Management is responsible for the preparation and fair presentation of these consolidated and separate financial statements in accordance with International Financial Reporting Standards (IFRSs), the Companies Act 1994, the Securities and Exchange Rules 1987 and other applicable laws and regulations and for such internal control as management determines is necessary to enable the preparation of financial statements that are free from material misstatements whether due to fraud and error.

Auditors' responsibility

Our responsibility is to express an opinion on these financial statements based on our audit. We conducted our audit in accordance with International Standards on Auditing (ISAs).

Those standards require that we comply with ethical requirements and plan and perform the audit to obtain reasonable assurance about whether the financial statements are free from material misstatements.

An audit involves performing procedures to obtain audit evidence about the amounts and disclosures in the financial statements. The procedures selected depend on the auditors' judgment, including the assessment of the risks of material misstatement of the financial statements, whether due to fraud or error. In making those risk assessments, the auditor considers internal control relevant to the entity's preparation and fair presentation of the financial statements in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing an opinion on the effectiveness of the entity's internal control. An audit also includes evaluating the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates made by management, as well as evaluating the overall presentation of the financial statements.

We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our audit opinion.

Opinion

In our opinion, the financial statements give a true and fair view of the financial position of **National Tea Company Limited** as at June 30, 2018 and their financial performance and cash flows for the year then ended in accordance with International Financial Reporting Standards (IFRSs) and comply with the Companies Act 1994, the Securities and Exchange Rules 1987, the Financial Reporting Act 2015 and other applicable laws and regulations.

We also report that:

1. We have obtained all the information and explanations which to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit and made due verification thereof;
2. In our opinion, proper books of account as required by law have been kept by the Company so far as it appeared from our examination of those books;
3. The Company's statement of financial position and statement of comprehensive income along with the annexed notes 1 to 46 dealt with by the report are in agreement with the books of account and returns; and
4. The expenditure incurred and payments made were for the purposes of the Company's business.

ARTISAN
Chartered Accountants
Dhaka, October 11, 2018

Masih Muhith Haque & Co.
Chartered Accountants

NATIONAL TEA COMPANY LIMITED
STATEMENT OF FINANCIAL POSITION
AS AT 30 JUNE 2018

Particulars	Notes	June 30, 2018 Taka	June 30, 2017 Taka
ASSETS:			
Non-current assets		**1,874,226,876**	**1,730,819,005**
Property, Plant & Equipments-at cost less Accu. Depreciation	**4.00**	1,776,773,041	1,641,786,123
Capital work-in-progress	**5.00**	40,147,031	37,579,547
Investments	**6.00**	2,014,180	2,014,180
Deferred Tax Assets	**7.00**	55,292,624	49,439,154
Current assets		**340,453,174**	**402,132,216**
Inventories	**8.00**	178,728,015	211,344,711
Trade Receivable & Others	**9.00**	29,827,274	43,936,980
Receivable from BTB	**10.00**	916,238	916,238
Loan to Employees	**11.00**	6,110,079	4,545,919
Advance, Deposits and Prepayments	**12.00**	60,329,845	37,625,059
Advance Income Tax	**13.00**	48,167,305	43,069,003
Accrued Interest on Investment		339,330	1,153,768
Cash & Cash Equivalents	**14.00**	16,035,088	59,540,538
TOTAL ASSETS		**2,214,680,050**	**2,132,951,221**
SHAREHOLDERS' EQUITY & LIABILITIES			
Shareholders' Equity		**1,011,549,373**	**943,712,249**
Share Capital	**15.00**	66,000,000	66,000,000
Reserve & Surplus	**16.00**	860,114,180	860,114,180
Retained Earnings	**17.00**	85,435,193	17,598,069
Non-Current Liabilities		**614,634,113**	**596,373,701**
Long Term Loan (Secured)	**18.00**	222,016,654	239,170,225
Pre-Liberation Bank Loan	**19.00**	253,343	253,343
Provision for Taxation	**20.00**	46,183,869	39,266,987
Provision for Gratuity	**21.00**	243,436,985	218,082,494
Prepaid Income	**22.00**	5,692,253	6,324,726
Others Liabilities	**23.00**	78,711,436	74,936,353
